১। ব্রজলীলা সাঙ্গ করি, নদীয়তে গৌর হরি, উদয় হ'য়েছে।
(এবার) প্রেমের মানুষ এই হরিচাঁদ জীবের জন্য এসেছে।।
২। শ্রীঅঙ্গেতে কাঞ্চন মাখা, বিশ্বপ্রেমে বদন ঢাকা,
দেখা যেতেছে।
অন্তরতম, পরম রতন, অ-যাচা প্রেম যেচেছে।।
৩। হরিচাঁদের করুণার দান, সুদুর হতে শ্রীগুরুচাঁদ,
ধরায় নেমেছে।
চাঁদের সাথে চাঁদের খেলা, আনন্দের মেলা মিলেছে।।
৪। হরিচাঁদের উতল প্রেমে, লক্ষ্মীখালী পুণ্যধামে,
এসে লেগেছে।
চাঁদের সুধা পেয়েছে সে, (যারে) গোপালচাঁদ ভালবেসেছে।।
৫। দীন প্রসন্নের ভাগ্য মন্দ, মোহ মায়ায় চির অন্ধ,
সুপথ ভুলেছে।
হয়ে পূর্ণানন্দ মহানন্দ, আনন্দ রসে ভেসেছে।।

—প্রসন্নকুমার

১০৭ নং

তাল—একতালা

হ'ল বেহাল বেশে, দরদী, অবতীর্ণ নদীয়ায়।
(হ'য়ে) দীন ভিখারী, বললেন হরি, প্রেমরসে ভেসে যায়।।
১। জীবে শিক্ষা দিতে ধর্ম কাঙ্গাল সাজে পূর্ণব্রহ্ম গো—
(দয়াল) তৃণসম হ'য়ে নম্র, যুগে যুগে নাম বিলায়।।
২। যিনি বাঞ্ছাকল্পতরু, সান্দিপণি তাহার গুরু গো—
মাঠে মাঠে চরায় গরু, মিঠে মুখে এঁটে খায়।।
৩। বীর ধর্ম্মে হয়ে নতি, অর্জ্জুনেরই হয় সারথী গো—
পাণ্ডব যজ্ঞে বিশ্বপতি বিশ্ববাসীর পা'ও ধোয়ায়।।